ঢাকা ওয়াসা

১। ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
২। পূর্বানুমোদিত কপি।
৩। কাজের তালিকা।
৪। প্রাক্কলন।

বিষয়ঃ Raising of Housing Pipe and Joist with Necessary Adjustment of Delivery Line of MODS Zone- 2 and 3 under FMD-1. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংঙ্গে।

০১। অনুচ্ছেদ-১ হতে ৪ অনুগ্রহপূর্বক দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মড্স সার্কেল-১ এর আওতাধীন ৬৫০ টিরও অধিক পাম্পের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষণাবেক্ষণ কাজ এফ.এম.বিভাগ-১ এর মাধ্যমে বাস্তবায়ন করা হয়ে থাকে। এর মধ্যে অধিকাংশ পানির পাম্পই পুরাতন। পাম্প গুলো অনেক পুরাতন হওয়ায় আশে পাশের রাস্তাসহ অন্যান্য স্থাপনা পাম্প কম্পাউন্ড হতে অনেক উচু হয়েছে। ফলে পাম্প কম্পাউন্ডে বালু/মাটি ভরাট করার কারনে কূপের হাউজিং স্বাভাবিকের চেয়ে অনেক নিচে আছে। হাউজিং পাইপ স্বাভাবিকের চেয়ে নিচে থাকার কারণে এফ এম বিভাগ-১ হতে ব্রেক-ডাউন/মেইনটেন্যান্স কাজ করতে অনেক অসুবিধার সম্মুখীন হতে হয়। তাই এ সকল কূপের হাউজিং পাইপ উচু করা প্রয়োজন। কূপের হাউজিং পাইপ উচু করা হলেই তার সাথে সংশ্লিষ্ট ডেলিভারী লাইন, ওয়াস আউট লাইন এবং জয়েষ্ট ও উচু করতে হবে। সেই প্রেক্ষিতে এফ.এম বিভাগ-১ এর আওতাধীন বিভিন্ন পাম্প হতে সার্ভে করা হয়েছে। সেই প্রেক্ষিতে এফ.এম বিভাগ-১ এর আওতাধীন বিভিন্ন পাম্প হতে ১০(দশ)টি পাম্প হাউজের হাউজিং উচু করার উদ্যোগ নেয়া হয়েছে। সেই প্রেক্ষিতে ১০(দশ) টি হাউজিং উচু করার কাজের জন্য পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমান দাঁড়িয়েছে = ৯,৯৪,৮৮৯/৫৯৭ (নয় লক্ষ চুরানব্বই হাজার আটশত উননব্বই দশমিক পাচ নয় সাত) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার এফ.এম.বিভাগ-১ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনায় পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাতের ক্রমিক নং- SL-33, PW-24 এ অন্তভূর্ক্ত আছে।

০২। আলোচ্য ক্রয় কার্যক্রমটি বিশেষ বৈশিষ্ট্যের (মেকানিক্যাল ও সিভিল কনস্ট্রাকশন) কারনে কেবল সীমিত সংখ্যাক ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পাদন যোগ্য এবং উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের হালনাগাদকৃত তালিকা e-GP তে সংরক্ষিত আছে বিধায় পিপিআর-২০০৮ এর ৬৩ বিধির উপ-বিধি ১ মোতাবেক Limited Tender Method (LTM) এ e-GP প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, F.M Division -1, Dhaka WASA রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য ক্রয় কাজের দরপত্র আহ্বান, চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Executive Engineer, F.M Division -1, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে এবং STD From e-PW2(b) অনুসরনে আলোচ্য কাজের টেন্ডার ডকুমেন্ট তৈরী করা হবে।

০৩। এমতাবস্থায়, সুষ্ঠু পানি সরবরাহের স্বার্থে, নির্বিঘ্নে পানির পাম্প সমুহ চালু রাখার নিমিত্তে Raising of Housing Pipe and Joist with Necessary Adjustment of Delivery Line of MODS Zone- 2 and 3 under FMD-1. কাজটি বাস্তবায়নের জন্য উপস্থাপিত = ৯,৯৪,৮৮৯/৫৯৭ (নয় লক্ষ চুরানব্বই হাজার আটশত উননব্বই দশমিক পাচ নয় সাত) টাকা মাত্র প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর-২০০৮ এর ৬৩ বিধির উপ-বিধি ১ মোতাবেক সীমিত দরপত্র Limited Tender Method (LTM) এ e-GP প্রক্রিয়ায় দরপত্র আহ্বান করে কাজটি সম্পন্ন করার সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যার অনুমোদননের ক্ষমতা উপ-ব্যবস্থাপনা পরিচালক (ও এন্ড এম) মহোদয়ের আওতাধীন।

(মোঃ আরাফাত ইসলাম খান)
উপ-সহকারী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-১ ঢাকা ওয়াসা

AE
মোঃ গোলাম মোস্তফা
সহকারী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১, ঢাকা ওয়াসা

EE
03/08/2025
মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১, ঢাকা ওয়াসা।

SE RPE&M
০৩.৮.২৫
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।

CE

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

DMD (O&M)
ok.
(প্রকৌঃ এ.কে.এম সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।